

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৮, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজকল্যাণ মন্ত্রণালয়  
(এনডিডি ও অটিজম শাখা)  
প্রজ্ঞাপন

তারিখ : ২৫ আষাঢ় ১৪৩১/০৯ জুলাই ২০২৪

নং ৪১.০০.০০০০.০৩৪.৯৯.০০১.২৪-৯৩—নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩ এর ধারা ১৩(১) এর বিধানমতে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনক্রমে অবসরপ্রাপ্ত প্রফেসর মোঃ ওয়াজিউল আলম চৌধুরী, প্রাক্তন পরিচালক, জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট (NIMH) কে নিম্নোক্ত শর্তে যোগদানের তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টি বোর্ড (NDDPT) এর চেয়ারপারসন হিসেবে নিয়োগ প্রদান করা হলো :

শর্তসমূহ:

- নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টি বোর্ডের সার্বক্ষণিক চেয়ারপারসন হিসেবে তিনি দায়িত্ব পালন করবেন;
- নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের তহবিল হতে মাসিক সম্মানী হিসেবে তিনি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রাপ্য হবেন;
- প্রচলিত বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে তিনি চালকসহ একটি উপযুক্ত মানের গাড়ী (জ্বালানীসহ) প্রাপ্য হবেন;
- তঁার পেশাগত অভিজ্ঞতা ও দক্ষতা তিনি ট্রাস্টের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে ব্যবহার করবেন;
- নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টি বোর্ড (NDDPT) এর চেয়ারপারসন হিসেবে মাসিক সম্মানী প্রদানের বিষয়টি নিজের হিসেবে গণ্য করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস. এম. নোমান হাসান খান

উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২২৩৯৭)

মূল্য : টাকা ৪.০০